

82012 - যে নারী উমরা সমাপ্ত করার আগে তার হায়ে শুরু হয়ে গেছে

প্রশ্ন

আমি ও আমার স্ত্রী দুই দিন আগে উমরা করতে মক্কায় গিয়েছিলাম। বিমানেই আমরা উমরার ইহরাম বেঁধেছি। আমরা যখন মক্কাতে পৌঁছে ব্যাগ-ব্যাগেজ রাখার জন্য হোটেলে গেলাম। সেখানে যাওয়ার পর আমার স্ত্রী জানতে পারল যে, আমরা যখন হোটেলে পৌঁছেছি তখন তার মাসিক শুরু হয়েছে। এমতাবস্থার হুকুম কী? তার উপর কি কোন ফিদিয়া ওয়াজিব হবে? ফিদিয়ার পরিমাণ কতটুকু?

প্রিয় উত্তর

আলহামদুল্লাহ।

হায়েয়ের কারণে হজ বা উমরার ইহরাম বাঁধতে কোন বাধা নেই। কিন্তু, হায়েয়গ্রস্ত নারীর জন্যে পরিত্র হওয়ার আগে বায়তুল্লাহকে তাওয়াফ করা হারাম। কেননা আয়েশা (রাঃ) যখন মক্কাতে প্রবেশ করার আগে হায়েয়গ্রস্ত হয়েছেন তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেছেন: “একজন হাজী যা যা করে তুমিও তা তা কর। তবে, তুমি পরিত্র হওয়ার আগে তাওয়াফ করবে না।”[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

সহিহ বুখারীতে আরও সাধ্যস্ত হয়েছে যে, তিনি যখন পরিত্র হয়েছেন তখন বায়তুল্লাহকে তাওয়াফ করেছেন এবং সাফা-মারওয়া পাহাড়দ্বয়ের মাঝে সাঁজ বা প্রদক্ষিণ করেছেন। এর থেকে জানা গেল যে, কোন নারী তাওয়াফ করার আগে হায়েয়গ্রস্ত হলে তিনি পরিত্র হওয়ার আগে তাওয়াফ ও সাঁজ করবেন না।

এ আলোচনার ভিত্তিতে আপনার স্ত্রীর কর্তব্য হচ্ছে- পরিত্র হওয়া পর্যন্ত অপেক্ষা করা, এরপর তিনি বায়তুল্লাহ তাওয়াফ করবেন এবং সাফা-মারওয়া পাহাড়দ্বয়ের মাঝে সাঁজ করবেন। এরপর চুল কাটবেন। এর মাধ্যমে তিনি তার উমরার কর্ম সমাপ্ত করলেন। ইহরাম অবস্থায় তার হায়েয হওয়ার কারণে তাকে কোন ফিদিয়া দিতে হবে না।

আরও জানতে পড়ুন: [40608](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহ সর্বজ্ঞ।